

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ২৬৩৪

আগরতলা, ২০ অক্টোবর ২০১৮

ত্রিপুরার মানুষ দেশপ্রেমিক এবং নিভীক : মুখ্যমন্ত্রী

আমাদের দেশ বীরের দেশ। রানা প্রতাপ, নেতাজীর মত বীর সন্তান এই দেশেই জন্মগ্রহণ করেছেন। এই দেশে এখন যুবকের সংখ্যা কম নয় যে যারা দেশের জন্য হাসতে হাসতে প্রাণ দিতে প্রস্তুত। সমস্ত দেশবাসী তাঁদের জন্য গর্বিত, আজ সকালে স্বামী বিবেকানন্দ ময়দানে বি এস এফ মিনি ম্যারাথনের সূচনা করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। তিনি ত্রিপুরা সহ দেশের যে সমস্ত বীর সন্তান বিভিন্ন ক্ষেত্রে দেশের অখন্ডতা রক্ষা করতে গিয়ে প্রাণ দিয়েছেন তাদের প্রতি শ্রদ্ধা জানান। তিনি বলেন দেশের জন্য ত্রিপুরার যুবকদের শহীদ হবার ঘটনা এটাই বার্তা দেয় যে ত্রিপুরার মানুষ দেশ প্রেমিক এবং নিভীক। মুখ্যমন্ত্রী নেশা বিরোধী অভিযানে ত্রিপুরা পুলিশের পাশাপাশি বি এস এফের কার্যকরী ভূমিকা নেওয়ায় তাঁদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের ডি জি এ কে শুক্লা, এ ডি জি আইন শৃঙ্খলা এবং বি এস এফ-র আই জি এইচ কে লোহিয়া। মুখ্যমন্ত্রী এবং বিশিষ্ট অতিথিবর্গ ফ্ল্যাগ অফ করে মিনি ম্যারাথনের সূচনা করেন।

বি এস এফ শালবাগানস্থিত কার্যালয়ের মাঠে ম্যারাথন শেষ হয়। সেখানে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন সময়ে ত্রিপুরা থেকে দেশের জন্য প্রাণ হারিয়েছেন এমন শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপ-মুখ্যমন্ত্রী যীষু দেববর্মা। তিনি তাঁর সংক্ষিপ্ত ভাষণে বলেন, দেশের অখন্ডতা বজায় রেখেছে আমাদের দেশের সেনাবাহিনী। তাদের জন্য গোটা দেশ গর্বিত। একই সাথে এই ছোট্ট রাজ্য ত্রিপুরার ইতিহাসও গৌরবশালী। বিভিন্ন সময়ে এখানকার তরুণরা দেশ রক্ষার লড়াইয়ে ঝাঁপিয়ে পড়েছেন এবং আত্মবলিদান দিয়েছেন। তাদের কীর্তি অমর হয়ে থাকবে বলে উপ-মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে ম্যারাথনের বিজয়ীদের পুরস্কৃত করা হয়। বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে এই ম্যারাথনের আয়োজন করা হয়।
